গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২০/১৫৬ তারিখ: ০২ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

**বিষয়: The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14 বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা।**

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০১.০০২.২০/১৮৯, তারিখ: ৩০/০৬/২০২০ খ্রিঃ।
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৭.০১.০০৫.১৪/২০৩, তারিখ: ১১/১০/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14- তে বর্ণিত offences এর বিপরীতে penalties কলামে section 32 এর আওতায় অসত্য ঘোষণার জন্য দণ্ড আরোপের বিধান বিষয়ে সূত্রোক্ত পত্র দুটির মাধ্যমে ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। কাস্টমস সংশ্লিষ্ট কার্যক্রম অধিকতর ব্যবসা ও বিনিয়োগ বান্ধব করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ নির্দেশনা প্রদান করছে:

(ক) আমদানিকারক কর্তৃক কোনো কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে কোনো পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে যদি পণ্যের বাণিজ্যিক বা ট্যারিফ বর্ণনা, আর্ট নম্বর, পার্ট নম্বর, ব্র্যান্ড, মডেল, সাইজ, কালার, ক্যাপাসিটি, উৎস দেশ (country of origin) ইত্যাদি যথাযথ থাকে যা থেকে পণ্যটি সম্পর্কে সুস্পষ্ট ধারনা পাওয়া যায় এবং ঘোষিত H.S.Code Bangladesh Customs Tariff (BCT) এর 6-digit পর্যন্ত সঠিক থাকলে তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। তবে, এক্ষেত্রে পণ্যের প্রকৃত বর্ণনার ভিত্তিতে সঠিক H.S.Code কিংবা CPC নিরূপনপূর্বক প্রযোজ্য শুল্ক-কর আদায় করতে হবে।

(খ) কোন পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে CPC ভুল হলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবে না। তবে প্রথমবার আমদানির পরবর্তীতে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে CPC ভুল হলে রাজস্ব সংশ্লিষ্টতা নির্বিশেষে তা মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে।

(গ) আমদানিকৃত পণ্য কোনো একটি কাস্টম হাউস/স্টেশন কর্তৃক কোনো H.S.Code কিংবা CPC এর আওতায় শুল্কায়নপূর্বক খালাস পরবর্তীতে উক্ত একই পণ্য একই বা ভিন্ন কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে আমদানির ক্ষেত্রে যদি ইতোপূর্বে অনুমোদিত H.S.Code কিংবা CPC সঠিক নয় মর্মে কাস্টম হাউসের এসেসমেন্ট কমিটি কিংবা জাতীয় রাজস্ব বোর্ডের শ্রেণীবিন্যাস কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয় এবং পূর্বের অনুমোদিত H.S.Code কিংবা CPC পরিবর্তন করা হয় তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। Partial Shipment সুবিধাযুক্ত ঋণপত্রের ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য হবে।

(ঘ) দফা (ক), (খ) ও (গ) মোতাবেক কাস্টমস কর্তৃক নিরূপিত বা অনুমোদিত H.S.Code কিংবা CPC ব্যবহার না করে একই আমদানিকারক কর্তৃক একই জাতীয় পণ্য ভুল H.S.Code কিংবা CPC ঘোষণাপূর্বক আমদানি করলে তা কাস্টমস আইনের ৩২ ধারা মোতাবেক মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে এবং ন্যায় নির্ণয়ন প্রযোজ্য হবে।

০২। এমতাবস্থায়, আপনার অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে .......... পাতা।

02/08/2023

মোঃ পারভেজ রেজা চৌধুরী
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com